যুগান্তর

৩/৯/২০০০

তারিখ ……………
পৃষ্ঠা … ১ … কলাম … ৪ ……

# বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মহা অবস্থান ধর্মঘট শুরু



গতকাল কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের বিক্ষোভ সমাবেশ –যুগান্তর

যুগান্তর রিপোর্ট

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আহ্বানে দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা গতকাল থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে লাগাতার মহাঅবস্থান ধর্মঘট শুরু করেছে। ঐক্যজোটের নেতারা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধর্মঘটস্থলে এসে তাদের দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন। দাবি না মানা পর্যন্ত ধর্মঘট চলবে বলে তারা ঘোষণা দিয়েছেন।

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মতো ১০০ ভাগ বেতনভাতাসহ ৬ দফা দাবি পূরণ এবং ৯ দফার শিক্ষকবিরোধী ধারাসমূহ বাতিলের দাবিতে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালিত হচ্ছে।

অবস্থান : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## অবস্থান : ধর্মঘট

(১ম পৃষ্ঠার পর)

জোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক শরীফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে সমন্বয়কারী মোঃ সেলিম ভূইয়া, আহ্বায়ক কাজী আবদুর রাজ্জাক, মাওলানা এমএ লতিফ, যুগ্ম-আহ্বায়ক মাজহারুল হান্নান, শফিকুল আলম প্রমুখ বক্তব্য রাখেন। নেতারা বলেন, 'সরকার নতুন জাতীয় স্কেল চালু করলেও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের পুরনো স্কেলেই বার্ষিক প্রবৃদ্ধি ও মেডিকেল ভাতা দিয়ে বৈষম্য সৃষ্টি করেছে। তারা বলেন, শিক্ষক-কর্মচারীদের আন্দোলন যখন তুঙ্গে তখন সুবিধাবাদী একটি শিক্ষক মহল বর্তমান সরকারের সঙ্গে গোপন আঁতাত করে ৯ দফা চুক্তি স্বাক্ষর করে। নেতারা সেই চুক্তিকে কালোচুক্তি আখ্যা দিয়ে তা বাতিল করার আহ্বান জানান।

নেতারা শিক্ষাক্ষেত্রে তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের বেআইনি সিদ্ধান্ত প্রত্যাহার করার আহ্বান জানান।